মুজিবনগরে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

মুজিবনগরে ইসলামিক সংস্কৃতির নান্দনিক বিকাশ ও নৈতিকতা সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে গত মঙ্গলবার অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও মাদ্রাসার পরিচালক সোহেল রানা এবং প্রিন্সিপাল বায়জিদ হোসেন।

৪৫টি ইভেন্টে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজের প্রায় সাড়ে চারশত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন।

এ সময় মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বলেছেন, ভালো মানুষ এবং সুনাগরিক হতে হলে পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও সংস্কৃতিচর্চার কোনো বিকল্প নেই।

মঙ্গলবার (২৬ জানুয়ারি) সকালে কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয় আয়োজিত তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, খেলাধুলা ও সংস্কৃতিচর্চা উন্নত জাতি গঠনে সহায়ক ভূমিকা যেমন রাখে, তেমনি শিশুদের শরীর ও মনকে সতেজ রাখে।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) শামীমা আখতার জাহানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো: মিজানুর রহমান ও জেলা শিক্ষা কর্মকর্তা মুন্সী কামরুজ্জামান।

এর আগে বিদ্যালয়ের শিক্ষার্থীরা দলীয় সঙ্গীত এবং মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করেন। এছাড়াও যেমন খুশি তেমন সাজো অনুষ্ঠানে ২০২৪’র জুলাই অভ্যুত্থানের দৃশ্য ফুটিয়ে তোলা হয়।

ক্রীড়া পরিচালনা করেন সিনিয়র শিক্ষক নাদিরা খানম, সাইদুল ইসলাম। প্রতিযোগিদের বিস্কুট দৌড়, দৌড়, পোষাক পরিধান দৌড়, চামুচ মুখে দৌড়, মোরগ লড়াই, লাফদড়ি খেলা, এক পায়ে দৌড়, গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, হ্যানৃড বল, ব্যাডমিন্টন বালিশ বদলসহ মোট ৭০টি ইভেন্টে ৭০০ জন প্রতিযোগি অংশগ্রহণ করে।

এছাড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গন রং বেরঙ্গের বেলুন ফেস্টুন দিয়ে সুসজ্জিত করা হয়।

মোহাম্মদ নাসিরউদ্দীন সাহিত্য পুরস্কার-২০২৪ পেলেন মেহেরপুরের ড. শামস আলদীন

মেহেরপুরের কৃতি সন্তান ও সাউথইস্ট ইউনিভার্সিটির বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. শামস আলদীন ‘মোহাম্মদ নাসিরউদ্দীন সাহিত্য পুরস্কার-২০২৪’ এ প্রবন্ধ ও গবেষণা শাখায় ভূষিত হয়েছেন।

সাহিত্য মঞ্চ, চাঁদপুর কর্তৃক প্রবর্তিত এই পুরস্কারটি বাংলা সাহিত্যে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ প্রদান করা হয়। এ বছর আরও পুরস্কৃত হয়েছেন কবি শাহ বুলবুল (কবিতা) এবং গল্পকার ও গবেষক নাহিদা নাহিদ (কথাসাহিত্য)।

সাহিত্য মঞ্চের সভাপতি কবি ও অনুবাদক মাইনুল ইসলাম মানিক পুরস্কার প্রাপ্তদের নাম ঘোষণা করেন। ২০২০ সাল থেকে এ পুরস্কার প্রদান করা হচ্ছে। সাহিত্য মঞ্চের ষষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গত ২৪ জানুয়ারি ২০২৫ চাঁদপুর সাহিত্য সম্মেলন-২০২৫ অনুষ্ঠিত হয়েছে, যেখানে ২০২৩ এবং ২০২৪ সালের পুরস্কারপ্রাপ্তদের হাতে আনুষ্ঠানিকভাবে পুরস্কার তুলে দেওয়া হয়।

ড. শামস আলদীনের জন্ম ১৯৮২ সালে মেহেরপুর জেলার মল্লিকপাড়ায়। তিনি ১৯৯৭ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি, ১৯৯৯ সালে মেহেরপুর সরকারি কলেজ থেকে এইচএসসি পাশ করেন। তিনি মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ড. গাজী রহমানের সন্তান। ভারতের রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন তিনি। বর্তমানে তিনি সাউথইস্ট ইউনিভার্সিটির বাংলা বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। তার রচিত ও সম্পাদিত গ্রন্থের সংখ্যা ২৫টি। সাহিত্য মঞ্চ, চাঁদপুরের এই উদ্যোগ বাংলা সাহিত্যের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ড. শামস আলদীনসহ সকল পুরস্কারপ্রাপ্তদের প্রতি মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে রইল আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

গাংনীতে যুব কাবাডি খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগ তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে যুব কাবাডি (অনুর্ধো-১৭ বালক ও বালিকা) খেলা ও পুরস্কার প্রদান করা হয়েছে।

বেরিয়ে এসে মাঠের খেলাধুলাকে গ্রহণ করতে হবে।

তিনি বলেন, বিভিন্ন প্রতিযোগীতার মাধ্যমে আমরা ভালো খেলোয়ারদের বের করে আনতে সক্ষম হবো। তাই, খেলা-ধুলা প্রতিযোগীতার মাধ্যমে এই খেলাগুলো আবারও গ্রামের আনাচে কানাচে ছড়িয়ে দিতে হবে।

তিনি বলেন, খেলা ধুলার মাধ্যমে ছেলে মেয়েরা শুধু সুস্থাস্থের অধিকারি হবে তা নয়, তাদের মন ও শারীরিক বিভিন্ন হরমনের পরিবর্তনগুলোও সাধিত হবে। ফলে তাদের যে কোনো কাজে মনোযোগও বৃদ্ধি পাবে।

তিনি বলেন, লেখা পড়ার মাধ্যমে মানুষ যেমন অনেক দুর এগিয়ে যেতে পারে, ঠিক তেমনি, খেলা ধুলার মাধ্যমেও এগিয়ে যেতে পারে। একটি দেশের প্রধানমন্ত্রী বা প্রেসিডেন্টের নাম না জানলেও মানুষ একজন খেলোয়ারের নাম জানে, যেমন মেসি যোগ করেন তিনি। একজন খেলোয়ার তার খেলার মাধ্যমে পৃথিবীর কোটি কোটি মানুষের হৃদয় জয় করতে পারে। একজন খেলোয়ার আঞ্চলিক বা জাতীয় গন্ডি নয়, তিনি আন্তর্জাতিক পরিমন্ডেলে বিচরণ করেন। তৃণমুলের খেলোয়ারদের আমরা সুযোগ তৈরী করে দিতে পারলে তারাই জাতীয় পর্যায়ে প্রতিনিধিত্ব করবে। তারাই আন্তর্জাতিক পরিমন্ডলে বিচরণ করবে। আমাদের দেশের মান মর্যাদা বিশ্বের বুকে পৌছে দেবে।
এই টূর্ণামেন্টের মাধ্যমে এই খেলাগুলো মানুষের হৃদয়ে প্রথিত থাকবে।

আগামী দিনগুলোতে এই উপজেলার প্রতিটি ইউনিয়নে এবং প্রতিটি গ্রামে এই খেলার চর্চা যেনো ধারাবাহিকভাবে চলে সেজন্য শিক্ষার্থী ও ক্রীড়া সংগঠকদের প্রতি উদাত্ব আহবান জানান তিনি।

প্রীতম সাহা আরও বলেন, যারা খেলাধুলার সাথে সম্পৃক্ত থাকে, তারা মাদক ও সামাজিক অন্যায় অপরাধ থেকে দুরে থাকেন। তারা সুঠাম দেহ ও সুস্বাস্থের অধিকারী হয়। খেলাধুলা শারীরিক মানুষিক ও আধ্যাতিক বিকাশেও দারুনভাবে সহযোগীতা করে। খেলাধুলা আমাদের একাগ্রতা ও মনোযোগ বৃদ্ধি করে।

মনোযোগ দিয়ে লেখাপড়া করার আহবান জানিয়ে ইউএনও প্রীতম সাহা বলেন, আমরা কেউ যেনো মাদকের দিকে হাত না বাড়াই।

সড়ক নিরাপত্তার উপর গুরত্ব দেওয়ার আহবান জানিয়ে প্রীতম সাহা বলেন, মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কটি চার লেনে উন্নিত হয়েছে। এই সড়কটিতে এখন যানবাহনের সংখ্যা বাড়ার সাথে সাথে গাড়িগুলো দ্রুত গতিতে ছুটছে। আমরা চাইনা দ্রুতগতির কারনে, আমাদের ছেলে বা মেয়ের জীবনে দুর্ঘটনা নেমে আসুক।
তরুণদের উদ্যেশ্যে তিনি বলেন, দ্রুতগতিতে ও বেপরোয়া মটরসাইকেল চালানোর কারনে দুর্ঘটনা ও মৃত্যুর মিছিল দেখতে পাচ্ছি। এই ধরনের অনাকাংখিত দুর্ঘটনা ও মৃত্যু আমরা প্রত্যাশা করিনা। আমরা চাই সকলেই সুস্থ থাকুক। একটি দুর্ঘটনা, একটি পরিবার বা ব্যাক্তির কান্নার কারন না হয়।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ও বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ২০২৪ এর প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আজ সোমবার দুপুরের দিকে সদর উপজেলা পরিষদের মিলনায়তনে এ পুরস্কার ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম নিজ হাতে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ২০২৪ এর প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।
এ সময় মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ডা. কাজী নাজিব হাসান, সরকারি কমিশনের (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীনুর রহমান, সদর থানার ওসি শেখ কনিমিয়া, উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।
এসময় ভাষাও সাহিত্য,দৈনন্দিন বিজ্ঞান,গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ মুক্তিযোদ্ধা এই চারটি বিষয়ে ১৩ জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়।
পরে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে বাইসাইকেল প্রদান করা হয়।

গাংনীতে গ্রীষ্মকালীন ফাইনাল খেলায় প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা স্কুল ক্রীড়া সমিতির আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল দল (বালক) ২-১ গোলে বাওট সোলায়মানী মাধ্যমিক বিদ্যালয় ফুটবল দলকে পরাজিত করে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

এছাড়া জোড়পুকুরিয়া ফুটবল মাঠের ফাইনাল খেলার সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নিবার্হী অফিসার ও আয়োজক কমিটির সভাপতি মৌসুমী খানম।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এর আগে খেলার উদ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, বাওট সোলায়মানী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান

শিক্ষক সোহরাব হোসেন, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আরবিজিএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখনসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলার ফলাফল শীট অনুযায়ী জানা গেছে, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল (বালক-বালিকা) প্রতিযোগিতায় হ্যান্ডবল ও কাবাডী (বালক) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়। অন্যদিকে কাবাডী ও হ্যান্ডবলে(বালিকা) জেটিএস মাধ্যমিক বিদ্যালয় উপজেলা চ্যাম্পিয়ন হয়।

ভারতের এবিপির প্রতিযোগিতায় পুরস্কৃত মেহেরপুরের হাসনাত আসিফ কুশল

দেশভাগ নিয়ে প্রবন্ধ লিখে ভারতে পুরস্কৃত হয়েছেন একমাত্র বাংলাদেশি সাংবাদিক হিসেবে মেহেরপুরের হাসনাত আসিফ কুশল।

চলতি বছর জুলাইয়ে দেশটির অ্যাসোসিয়েটস অব বেঙ্গল প্রফেশনালসের (এবিপি) প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় একমাত্র বাংলাদেশি সাংবাদিক তৃতীয় স্থান অধিকার করেছেন তিনি।

এ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন ভারতের আলিয়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের পিএইচডি শিক্ষার্থী মিরাজুল ইসলাম এবং দ্বিতীয় স্থান অধিকার করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত বিদ্যাসাগর কলেজের ভূগোল বিভাগের এমএসসি শিক্ষার্থী শৌলী দাস।

মেহেরপুরের তরুণ কবি-সাংবাদিক হাসনাত আসিফ কুশলের প্রবন্ধের বিষয় ছিল ‘দেশভাগের কথা: বাঙালি মুসলিমদের আইডেনটিটি ক্রাইসিস’।

এই প্রবন্ধে ১৯৪৭ সালের দেশভাগের ঘটনা এবং তার রেশ ধরে দুই বাংলার মুসলিমের আইডেনটিটি ক্রাইসিস তুলে ধরেছেন তিনি।

হাসনাত আসিফ কুশল বর্তমানে দৈনিক ভোরের কাগজের সাব এডিটর হিসেবে কর্মরত রয়েছেন। এর আগে দৈনিক সমকাল, দৈনিক আমাদের নতুন সময় ও অনলাইন পোর্টাল ঢাকা পোস্টে কাজ করেন।

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব) ও স্ট্যামফোর্ড ইউনিভার্সিটিতে অনার্স-মাস্টার্স করেন।

সাংবাদিকতার পাশাপাশি এই তরুণ প্রাবন্ধিক সাহিত্যচর্চাও করেন। তিনি মেহেরপুরের বিশিষ্ট কবি-সাংবাদিক তারিক-উল ইসলামের পুত্র।

যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে -বিচারপতি আবু জাফর সিদ্দিকী

যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার আপীল বিভাগের সরকারী কৌশুলী মোঃ আবু জাফর সিদ্দিকী।

লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলায় মনোযোগী হওয়ার কথাও উল্লেখ করেন তিনি। তাই যুব সমাজকে খেলাধুলায় আগ্রহী করতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসারও আহ্বান জানান তিনি।

গত শুক্রবার বিকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের আটিগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ইউনিয়ন পরিষদ গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিচারপতি এসব কথা বলেন।

এ সময় তিনি আরও বলেন, যুব সমাজের অবক্ষয় রোধে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। খেলাধুলার মাধ্যমে শরীরিক ও মানসিক বিকাশ ঘটে। লেখাপড়াকে অগ্রাধিকার দিয়ে খেলাধুলার প্রতি সকলের

মনোযোগী হওয়া প্রয়োজন। খেলাধুলা একজন খেলোয়াড়কে শৃঙ্খলা রক্ষায় অভ্যস্থ করে তুলে।

খেলার মাধ্যমে ভাল খেলোয়াড় তৈরি হলে তারা দেশে বিদেশে সুনাম বয়ে আনতে পারবে। তাই লেখাপড়ার পাশাপাশি নতুন প্রজন্মকে খেলাধুলার প্রতি মনোযোগী হতে হবে। অনুষ্ঠানের বিশেষ অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ কে এম টিপু সুলতান তার বক্তব্যে বলেন, অপসংস্কৃতি সমাজকে গ্রাস করছে।

এর থেকে যুব সমাজকে বের করে মাঠে টেনে আনতে হবে। তিনি আরও বলেন, একটি সুস্থ জাতি দেশের উন্নয়নের অন্যতম নিয়ামক। সুস্থতা রক্ষায় খেলাধুলা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই শিক্ষার্থীসহ যুব সমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে গড়ে তুলতে হবে। এ জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে।

ছাতিয়ান ইউনিন পরিষদের চেয়ারম্যান কবির হোসেন বিশ্বাসের পরিচালনায় বিশেষ অতিথি হিসিবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক, মিরপুর উপজেলা নির্বাহী অফিসার আব্দুল কাদের,সহকারী কমিশনার হারুন অর রশিদ, দিশার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম প্রমুখ। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

ইবি বঙ্গবন্ধু পরিষদের আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভা শেষে জাতীয় শোকদিবস উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ আয়োজিত কুইজ, উপস্থিত বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

ইসলামী বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদের সভাপতি (ভার:) প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ মাহবুবুল আরফিনের পরিচালনায় সভায় আলোচক হিসেবে আলোচনা করেন কেন্দ্রীয় বঙ্গবন্ধু পরিষদের আইন বিষয়ক সম্পাদক প্রফেসর ড. শাহজাহান মন্ডল।

সভায় স্বাগত বক্তব্য রাখেন ইবি বঙ্গবন্ধু পরিষদের জাতীয় শোকদিবস ও গ্রেনেড হামলা দিবস ২০২২ উদ্যাপন কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রেজিস্ট্রার (ভার:) এইচ. এম. আলী হাসান, ইবি বঙ্গবন্ধু পরিষদের জাতীয় শোকদিবস ও গ্রেনেড হামলা দিবস ২০২২ উদ্যাপন কমিটির সদস্য-সচিব আলমগীর হোসেন খান, বাংলাদেশ ছাত্রলীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত ও সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম বলেছেন, বঙ্গবন্ধু আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন, দিয়েছেন লাল-সবুজের পতাকা। যিনি সারা পৃথিবীতে সমাদৃত এমন একজন মানুষকে তাঁর কাছের মানুষদের হাতে স্বপরিবারে জীবন দিতে হলো। এধনের জঘন্যতম ঘটনা বিশ্বের বুকে দ্বিতীয়টি আর ঘটেনি।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু হত্যার মাত্র ১২জন আসামীর ফাঁসির মধ্যদিয়ে এ পাপ থেকে মুক্তি পাওয়া যাবে না। কমিশন গঠনের মাধ্যমে এ হত্যাকান্ডের নেপথ্যে যারা ছিল তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে এটা আজ আমাদের সবার প্রাণের দাবি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোকদিবস উপলক্ষে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে ইসলামী বিশবিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় ভাইস চ্যান্সেলর ড. শেখ আবদুস সালাম এসব কথা বলেন।

সভায় প্রধান আলোচকের আলোচনায় কেন্দ্রীয় বঙ্গবন্ধু পরিষদের যুগ্ম-সাধারণ সম্পাদক মতিউর রহমান লাল্টু বলেন, ১৯৭৫ থেকে ৯৬ সাল পর্যন্ত চরমভাবে এদেশের ইতিহাস বিকৃত করা হয়েছে। তাই বিশেষ করে নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা বই দু’টি পড়ার প্রতি উৎসাহিত করতে হবে।

তিনি বলেন, বঙ্গবন্ধু পরিষদ অনেক ত্যাগ, তিতিক্ষার সংগঠন। অনেক সুবিধাবাদিরা এসংগঠনে প্রবেশ করে সুবিধা নেয়ার চেষ্টা করবে। তিনি বলেন, এ সংগঠন এবং সংগঠনের নেতা-কর্মীদের অনেক ইতিহাস আছে। সুবিধাবাদিরা যেন প্রবেশ করতে না পারে সেদিকে আপনারা লক্ষ্য রাখবেন।

শিক্ষাখাতে বিনিয়োগই সবচেয়ে

বড় বিনিয়োগ—জনপ্রশাসন

প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, শিক্ষাখাতে বিনিয়োগই সবচেয়ে বড় বিনিয়োগ। শিক্ষার মাধ্যমেই মানুষের মনুষ্যত্ব বিকশিত হয়। বৃহস্পতিবার মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উপলক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম।অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ফরহাদ হোসেন এমপি বলেন, মানুষকে মানবিকতা গুণসম্পন্ন দক্ষ ও সক্ষম করে গড়ে তুলতে শিক্ষার কোনো বিকল্প নেই। প্রতিটি অভিভাবককে তাদের সন্তানদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে।প্রতিমন্ত্রী এসময় বাড়ির আঙিনা ও খালি যায়গায় শাক-

সবজি ও ফলমুল চাষের গুরুত্বারোপ করেন।

পরে জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী ও জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় জেলা পর্যায়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।